

## সায়েন্স এক্সপ্রেস - বায়ওডাইভারসিটি স্পেশাল (SCIENCE EXPRESS : BIODIVERSITY SPECIAL)

সায়েন্স এক্সপ্রেস (Science Express) একটি নতুন ধরনের ভ্রাম্যমাণ প্রদর্শনী, যাকে শীত-তাপ নিয়ন্ত্রিত ষোলটি বগি বিশিষ্ট একটি বিশেষ রেলগাড়ির উপর সাজানো হয়েছে এবং যা ২০০৭ সালের অক্টোবর থেকেই ভারতবর্ষের একপ্রান্ত থেকে অন্য প্রান্ত ভ্রমণ করে চলেছে। চারটি পর্যায়ে সফলতার সঙ্গে ভারত ভ্রমণ সমাপ্ত করে রেলগাড়িটি ২০১২ সন থেকে 'Science Express Biodiversity Special' (SEBS) হিসেবে ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, পরিবেশ ও বন মন্ত্রালয়ের বিশেষ যৌথ উদ্যোগে এক নতুন রূপ পেয়েছে।

SEBS - ২০১৩ সংস্করণটি গত এপ্রিল মাসের ৯ তারিখে দিল্লীর সফদরজং রেলওয়ে স্টেশন থেকে পতাকা উত্তোলন করে যাত্রা আরম্ভ করে দিল্লীর মুখ্যমন্ত্রী মাননীয়া শীলা দীক্ষিত, রেল মন্ত্রী মাননীয় পবন কুমার বন্সল এবং পরিবেশ ও বনমন্ত্রী মাননীয়া জয়ন্তী নটরাজনের বর্ণময় উপস্থিতিতে। ৯ এপ্রিল থেকে ২৮ অক্টোবর পর্যন্ত রেলগাড়িটি সর্বমোট ৬২ টি অঞ্চল ভ্রমণ করবে ও প্রতিটি অঞ্চলে ৩ থেকে ৪ দিন সর্বসাধারণের প্রদর্শনীর উদ্দেশ্যে উন্মুক্ত থাকবে।

অক্টোবর ২০০৭ থেকে SEBS প্রদর্শনী রেলগাড়িটি সমগ্র দেশ জুড়ে ৮৬,০০০ কিঃ মিঃর অধিক দূরত্ব অতিক্রম করেছে এবং ১,০০০ টি প্রদর্শনীর সহায়তায় দৈনিক ২৭০ টি রেল স্টেচনে প্রায় ৮৭ লক্ষ দর্শনার্থী প্রদর্শনীটি উপভোগ করেছে।

SEBS ভারতবর্ষের সর্বাপেক্ষা দীর্ঘতম, বিশাল ও সবচেয়ে বেছি দর্শনীয় ভ্রাম্যমাণ ইতিহাস সৃষ্টি করেছে। ২০১১-২০২০ দশককে রাষ্ট্রসংঘ জৈব-বৈচিত্র্য দশক হিসেবে ঘোষণা করেছে। সেক্ষেত্রে SEBS রেলগাড়িটির বিশেষত্ব হল - 'জৈব-বৈচিত্র্য'। ভারতবর্ষ ২০১২ সালে হায়দরাবাদে COP-11 ও CBD অনুষ্ঠিত করেছে এবং 'SEBS - ২০১২' রেলগাড়িটি COP-11 এর 'ব্রেণ্ড এম্বেসাদার' হিসেবে ভারতের বৃহৎ জীব-বৈচিত্র্য তথা সেগুলো সংরক্ষণের জন্য গৃহীত ব্যবস্থাসমূহ বিশ্বদরবারে সফলতার সঙ্গে তুলে ধরতে সক্ষম হয়েছে।

SEBS-এর উপরে থাকা ১৬ টি বগির ৮ টিতে পরিবেশ ও বন মন্ত্রালয়ের সহযোগে ভারতের বিভিন্ন জৈব-ভৌগোলিক অঞ্চলে বিস্তৃত হয়ে থাকা জৈব-বৈচিত্র্যকে উপস্থাপন করার মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়েছে।

SEBS রেলগাড়িটির প্রধান উদ্দেশ্য দেশের শিক্ষার্থী ও শিক্ষক সমাজকে দেশের জৈব-বৈচিত্র্য সম্পর্কে জাগ্রত করে তোলা।

এই প্রদর্শনীটি ফলপ্রসূ করতে সহযোগী সংগঠনগুলোর যথেষ্ট অবদান আছে। MoEF-এর সহযোগী DST, আহমেদাবাদের CEE (Centre for Environment Education) এবং VASCSC

(2)

(Vikram A Sarabhai Community Science Centre)-এ এই বিশেষ প্রদর্শনীটাকে গতি প্রদান করছে। তাছাড়া UL India এবং Indus Towers নামের এই দুটি সংগঠন প্রদর্শনীটিকে সহায় এবং সমর্থন করছে।

DST-এর দ্বারা সমর্থিত VASCSC-এর উপর এই কার্যসূচী সমগ্র ভারতবর্ষে পরিচালনার জন্য কার্যভার ন্যস্ত করা হয়েছে। VASCSC-এর দলটি অভিজ্ঞ, প্রশিক্ষণপ্রাপ্ত, কার্যক্ষম সম্পন্ন এবং অতি চতুর বিজ্ঞান সমন্বয়রক্ষী দল। তাহারা রেলগাড়িটির সাথে থেকে দর্শনার্থীদের সব রকমের প্রশ্নের সমাধান এবং উত্তর দেওয়া, প্রদর্শনীর উপভোগ করার ব্যবস্থা করে দেওয়ার জন্য সর্বদা প্রস্তুত থাকে।

সাবধানে সংরক্ষিত প্রদর্শনীর সামগ্রীর মধ্যে একটি বগি হচ্ছে HSBC-এর দ্বারা সমর্থিত আবহাওয়া পরিবর্তন, জৈব-বৈচিত্র্য এবং জল সম্পর্কিত বগি। এপর বগিতে আছে ‘UL India’ দ্বারা সমর্থিত Exhibition on Green Technologies এবং পরবর্তি বগিতে আছে Swiss Embassy-এর জলবায়ু পরিবর্তনের প্রদর্শনীর ব্যবস্থা রাখা হয়েছে। তার পাশেই আর একটা বগিতে PCRA-এর ‘Energy Conservation’ প্রদর্শনীর ব্যবস্থা আছে। আর একটি বগিতে ছোটদের খেলা-ধুলার সামগ্রী, Games & Puzzles in Science, গণিতের খেলা এবং পরিবেশ মণ্ডল সম্পর্কিত প্রদর্শনী আছে।

এই বিশেষ Science Exhibition-এর কার্যসূচী সফল করার জন্য সহযোগী সকল বিভাগ, জনসংযোগ মাধ্যম এবং ব্যক্তিদের বিনম্র অনুরোধ জানানো হচ্ছে।

উল্লেখযোগ্য, সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত এই ভ্রাম্যমাণ প্রদর্শনী সব বয়সের দর্শনার্থীর জন্য খোলা থাকবে। অরশ্যে দর্শনার্থীদের সঙ্গে কিছু সামগ্রী নেওয়া নিষেধাজ্ঞা রয়েছে।

অধিক তথ্য জনার জন্য [www.sciencexpress.in](http://www.sciencexpress.in) দেখুন। অথবা যোগাযোগ করুন 09428405407 (Project Manager)

**বিশেষ দৃষ্টব্য :**

- এই প্রদর্শনী সকলের জন্য খোলা থাকবে।
- এই প্রদর্শনী দেখতে প্রবেশ মাসুল নেই।
- Science Express-এর ভিতর মোবাইল, কেমেরা, ব্যাগ, দিয়াশলাই, বিড়ি-সিগারেট, মাদক দ্রব্য ও তীক্ষ্ণ অস্ত্রাদি সঙ্গে নেওয়া নিষেধ।
- প্রদর্শনীর স্থান : নির্ধারিত শহরের রেলওরে স্টেশন।
- সময় : সকাল ১০ টা হইতে বিকাল ৫ টা পর্যন্ত।